ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক
# রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
রাজশাহী-৬২০৪।
ফোন: +৮৮০-২৫৮৮৮৬৬৭৯৮, ফ্যাক্স: +৮৮০-২৫৮৮৮৬৭১০৫
ই-মেইল:registrar@ruet.ac.bd ওয়েব-সাইট :www.ruet.ac.bd।

স্মারক নং-৩৬২২ তারিখঃ ২০/০১/২০২৪ খ্রিঃ।

## -ঃ পিএইচ.ডি/এম.ফিল/এম.এস-সি ইঞ্জিঃ/এম.ইঞ্জিঃ/এম.এস-সি/পিজিডি কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি ঃ-

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে পুরকৌশল, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল, যন্ত্রকৌশল, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং, মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইউআরপি, গণিত, রসায়ন ও পদার্থবিদ্যা বিভাগে পিএইচ.ডি/এম.ফিল/এম.এস-সি ইঞ্জিনিয়ারিং/এম.ইঞ্জিনিয়ারিং/এম.এস-সি এবং IICT, IEES-তে PGD (Post Graduate Diploma) কোর্সে ভর্তির জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে আগ্রহী প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে Online Portal -এর মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

(১) প্রকৌশল বিভাগসমূহে এম.এস-সি ইঞ্জিনিয়ারিং/এম.ইঞ্জিনিয়ারিং-এ ভর্তির জন্য প্রার্থীদেরকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে জিপিএ ৫.০০- এর মধ্যে ৩.৫০ পেয়ে পাশ করতে হবে ও কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট ডিসিপ্লিনে বি.এস-সি ইঞ্জিনিয়ারিং বা সমতূল্য ডিগ্রীতে সিজিপিএ ৪.০০-এর মধ্যে ২.৭৫ পেতে হবে এবং পিএইচ.ডি কোর্সে ভর্তির জন্য সংশ্লিষ্ট ডিসিপ্লিনে সিজিপিএ ৪.০০-এর মধ্যে ৩.০০ পেয়ে এম.এস-সি ইঞ্জিনিয়ারিং বা সমতূল্য ডিগ্রী থাকতে হবে।

(২) গণিত, রসায়ন ও পদার্থবিদ্যা বিভাগ সমূহে এম.এস-সি-তে ভর্তির জন্য প্রার্থীদেরকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে জিপিএ ৫.০০- এর মধ্যে ৩.৫০ পেয়ে পাশ করতে হবে ও কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট ডিসিপ্লিনে বি.এস-সি (সম্মান) বা সমতূল্য ডিগ্রীতে সিজিপিএ ৪.০০-এর মধ্যে ২.৭৫ পেতে হবে।

(৩) গণিত, রসায়ন ও পদার্থবিদ্যা বিভাগে এম.ফিল কোর্সে ভর্তিচ্ছু প্রার্থীদেরকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে জিপিএ ৫.০০-এর মধ্যে ৩.৫০ পেয়ে পাশ করতে হবে ও কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট ডিসিপ্লিনে এম.এস-সি বা সমতূল্য ডিগ্রীতে সিজিপিএ ৪.০০-এর মধ্যে ২.৭৫ পেতে হবে এবং পিএইচ.ডি কোর্সে ভর্তির জন্য সংশ্লিষ্ট ডিসিপ্লিনে সিজিপিএ ৪.০০-এর মধ্যে ৩.০০ পেয়ে এম.ফিল বা সমতূল্য ডিগ্রী থাকতে হবে।

(৪) IICT ও IEES-তে PGD (Post Graduate Diploma) কোর্সে ভর্তির জন্য প্রার্থীদেরকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বা সমতূল্য পর্যায়ে যে কোন একটিতে জিপিএ ৫.০০- এর মধ্যে ৩.৫০ পেয়ে পাশ করতে হবে তবে কোন পরীক্ষাতে জিপিএ ৫.০০- এর মধ্যে ৩.০০-এর নীচে/৩য় বিভাগ গ্রহণযোগ্য নয় এবং কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট ডিসিপ্লিনে B.Sc. Eng./B.Sc. Ag/B.Sc.Econ অথবা B.Sc./BSS Degree/M.A অথবা M. Sc. অথবা MSS Degree/BURP/B.Arch. ডিগ্রী বা সমতূল্য ডিগ্রীতে ৪.০০-এর মধ্যে ২.৫০ পেতে হবে।

(৫) দরখাস্তের সাথে SSL সার্ভিসের মাধ্যমে ১,০০০/= (একহাজার) টাকা পরিশোধ করতে হবে।

(৬) বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.pg.ruet.ac.bd) হতে Online-এর মাধ্যমে ভর্তি ফরম পূরণপূর্বক ২৪/০১/২০২৪ খ্রিঃ তারিখ থেকে ১৮/০২/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে আবেদন করতে হবে। সকল পরীক্ষার সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট/মার্কসীট-এর সত্যায়িত ফটোকপি এবং সিলেবাস/কারিকুলাম-এর সত্যায়িত ফটোকপি ওয়েবসাইট লিংকে জমা দিতে হবে তবে পাবলিক প্রকৌশল বিশ্ববিদ্যালয় হতে পাশকৃত শিক্ষার্থীদের সিলেবাস/কারিকুলাম-এর ফটোকপি জমা দিতে হবে না।

(৭) যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ ঃ ২৭/০২/২০২৪ খ্রিঃ।

(৮) ভর্তি পরীক্ষা গ্রহণ ঃ স্ব স্ব বিভাগ কর্তৃক ২৯/০২/২০২৪ খ্রিঃ তারিখ হতে ০৯/০৩/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

(৯) ফলাফল প্রকাশ ঃ ১০/০৩/২০২৪ খ্রিঃ।

(১০) সকল বিভাগের নির্বাচিত প্রার্থীকে (স্বাস্থ্য পরীক্ষায় উপযুক্ত বলে গণ্য হলে) নির্ধারিত ভর্তি ফি ১৮,৫০০/ (আঠার হাজার পাঁচশত) টাকা এবং ইন্সটিটিউটের PGD কোর্সের জন্য ১২,০০০/- (বার হাজার) টাকা প্রদানপূর্বক ২০/০৩/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে হবে এবং শিক্ষা শাখায় কাগজ-পত্রাদি জমা দিতে হবে।

(১১) ক্লাস শুরু ঃ ০১/০৪/২০২৪ খ্রিঃ।

(১২) চাকুরীরত প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

(১৩) প্রার্থী ইতোপূর্বে কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়ে থাকলে ভর্তির সময় ভর্তি বাতিলের সনদপত্র জমা দিতে হবে।

(১৪) চাকুরীরত প্রার্থী নিয়োগকারী কর্তৃপক্ষের সম্মতিক্রমে খন্ডকালীন ছাত্র হিসাবেও ভর্তির জন্য আবেদন করতে পারবে।

(১৫) চাকুরীরত পিএইচ.ডি প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষের কাছ থেকে ০১ (এক) বছরের ছুটি নিতে হবে।

(১৬) বেসরকারী বিশ্ববিদ্যালয় হতে পাশকৃত ভর্তিচ্ছু প্রার্থীদের নিম্নের বিষয়গুলি প্রযোজ্য হবে ঃ

(ক) বিশ্ববিদ্যালয়টি ইউজিসি কর্তৃক অনুমোদিত হতে হবে।

(খ) রুয়েটের সাথে উক্ত বিশ্ববিদ্যালয়ের সিলেবাস এবং ক্রেডিট সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

২০.০১.২০২৪
(আরিফ আহম্মদ চৌধুরী)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং-৩৬২২/৫০ তারিখঃ ২০/০১/২০২৪ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান ঃ

১। সকল ডীন/ইন্সটিটিউট পরিচালক রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
২। রেজিস্ট্রার, বুয়েট/ চুয়েট/কুয়েট/ডুয়েট ও সকল বিশ্ববিদ্যালয়।
৩। সকল বিভাগীয় প্রধান, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়।-উল্লিখিত ভর্তি বিজ্ঞপ্তি অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইটে অন্তর্ভুক্তকরণের অনুরোধসহ।
৫। অত্র বিশ্ববিদ্যালয়/হলসমূহের সকল নোটিশ বোর্ড।
৬। সংরক্ষণ নথি।
৭। নথি।

২০.০১.২০২৪
অতিরিক্ত রেজিস্ট্রার
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।